

## মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ১০১ [আন্তর্জাতিক নামারঃ ১২০]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ জ্ঞানের কথা মুখস্থ রাখা

بَاب حِفْظِ الْعِلْمِ

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: حَفِظْتُ مِنْ رَسُولِ اللَّهِ وِعَاءَيْنِ، فَأَمَّا أَحَدُهُمَا فَبَثَثْتُهُ، وَأَمَّا الْآخَرُ فَلَوْ بَثَثْتُهُ قُطِعَ هَذَا الْبُلْعُومُ. (بخارى: ১০১)

বাংলা

১০১) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট থেকে দুই পাত্র ইল্ল অর্জন করেছি। এক পাত্র তোমাদের মধ্যে বর্ণনা করেছি। দ্বিতীয় পাত্র যদি তোমাদের মধ্যে বর্ণনা করি, তাহলে আমার কঠনালী কেটে দেয়া হবে।

টিকাঃ কিছু কিছু বিদআতীরা এই হাদীছকে দলীল হিসাবে গ্রহণ করে বলে থাকে যে, আবু হুরায়রা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে দু'প্রকার ইল্ল শিখেছিলেন। এক প্রকার হল যাহেরী ইল্ল, যা তিনি সাধারণ মানুষের জন্য বর্ণনা করেছেন। অন্য প্রকার হল বাতেনী ইল্ল, যা তিনি সাধারণ মানুষের জন্য প্রকাশ করেননি; বরং তা শুধু বিশেষ বিশেষ ব্যক্তিদের কাছে প্রকাশ করেছেন। তাদের নিকট থেকে পরবর্তীতে সুফীরা গ্রহণ করেছে।

তাদের একাধিক ধারণা সম্পূর্ণ ভুল। শরীয়তে যাহেরী এবং বাতেনী বলতে কিছু নেই। দ্বিতীয় প্রকার ইল্ল বলতে এখানে যালেম শাসকদের বুকানো হয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু হুরায়রাকে তাদের নাম ও অবস্থা বলে দিয়েছিলেন। অন্য বর্ণনায় সুস্পষ্টভাবে তা উল্লেখও রয়েছে। সুতরাং অত্র হাদীছে বিদআতী ও সুফীদের কোন দলীল নেই।

## English

(What is said regarding) the memorization of (religious) knowledge

Narrated Abu Huraira:

I have memorized two kinds of knowledge from Allah's Messenger (ﷺ). I

have propagated one of them to you and if I propagated the second, then my pharynx (throat) would be cut (i.e. killed).

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১২২

ইসলামিক সেন্টারঃ ১১৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবু হৱায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88796>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন